দৈনিক ইত্তেফাক

তারিখ : 23 JUL 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 8 ...

03

৭/

আইন আদালত

## শিক্ষা সচিবসহ কয়েকজনের ওপর রুলনিশি জারি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি ফজলে হোসেন মোহাম্মদ হাবিবুর রহমান ও বিচারপতি কাজী এবাদুল হক সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ ২৩৭ জন সহযোগী অধ্যাপকের পদোন্নতি সম্বলিত শিক্ষা মন্ত্রণালয়ের আদেশটি কেন বাতিল, আইনের চোখে অচল ও অকার্যকর বলে ঘোষণা করা হবে না আগামী ৬ সপ্তাহের মধ্যে তার কারণ দর্শানোর আদেশ দিয়ে শিক্ষা সচিবসহ অন্যান্যের ওপর এক রুলনিশি জারি করেন।

ঢাকার গার্হস্থ্য অর্থনীতির সহযোগী অধ্যাপিকা মিসেস রাইসা সুলতানার আনীত এক রীট আবেদনের প্রেক্ষিতে এই রুলনিশি জারি করা হয়।

বাদীনির আবেদনে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি ২৩৭ জন সহযোগী অধ্যাপককে পদোন্নতি দিয়েছেন। এতে বাদীনির পদোন্নতির বিষয় বিবেচনা না করে গ্রেডেশন তালিকা অনুযায়ী চাকরিতে তাঁর জুনিয়র ১৮৩ জন সহযোগী অধ্যাপককে অধ্যাপক পদে পদোন্নতি দেয়া এবং তাদের মধ্যে ১৩ জনকে ধারণাগত জ্যেষ্ঠতা গণনা করে পদোন্নতি দেয়ায় বাংলাদেশ সংবিধানের ২৭ ও ২৯ ধারা লংঘিত হয়েছে।